মেহেরপুরে নিরাপত্তার অযুহাতে মাঝে মাঝে বিদ্যুৎ বিভ্রাট

গরম না আসতেই নিরাপত্তার অযুহাত দেখিয়ে মেহেরপুরে কয়েকদিন ধরে বিদ্যুৎ বিভ্রাট শুরু হয়েছে। গত মঙ্গলবার থেকে শুক্রবার পর্যন্ত একই ভাবে কিছু ক্ষণ পর পর বিদ্যুতের আসা যাওয়া সহ্য করতে হচ্ছে মেহেরপুর বাসীকে।

গতকাল শনিবারও দুপুরের দিকে দুই বার বিদ্যুৎ আসা যাওয়া করেছে। এ নিয়ে ভোগান্তিতে রয়েছেন গ্রাহকরা। বিদ্যুৎ ছাড়া চলে এমন কোন অফিস, বাসা কিংবা ব্যবসা প্রতিষ্ঠান নেই। কোন না কোনভাবে বিদ্যুতের প্রয়োজন। এছাড়াও রয়েছে বাড়তি বিলের বিড়ম্বনা। বাড়তি বিল দিয়েও বিদ্যুৎ না পাওয়ায় ক্ষোভের সৃষ্টি হয়েছে গ্রাহকদের মধ্যে।

মেহেরপুর বিদ্যুৎ সরবরাহ অফিস সূত্রে জানা গেছে, ফেব্রুয়ারি মাস পর্যন্ত গ্রাহক সংখ্যা ১৬ হাজার ২৩০ জন। এর বিপরীতে বর্তমানে মেহেরপুরে বিদ্যুৎ চাহিদার শতভাগ সাড়ে ছয় গোওয়াট বিদ্যুৎ পাওয়া যাচ্ছে।

শহরের মাফীন ফ্যাশনের মালিক মোহাম্মদ আলী বলেন, গত মঙ্গলবার থেকে বিদ্যুৎ বেশি ঝামেলা করছে যার কারণে কাস্টমারদের পোশাক কিনতে অসুবিধা দেখা দিচ্ছে, অনেক কাস্টমার ঘুরে যাচ্ছে।

ডালিম ফার্মেসির মালিক রাশেদুল ইসলাম বলেন, আমার দোকানে কারেন্ট চলে যাওয়ার কারণে দোকান অন্ধকার হয়ে যাচ্ছে এবং বারবার কারেন্ট চলে যাচ্ছে দোকানদার রাশেদুল ইসলাম ২০২০ সালকে ২০০১ সালের সাথে তুলনা করেন ।

মুদি দোকানদার আনসারুল বলেন, বারবার কারেন্টের যাতায়াতের কারণে আমারা মাপামাপির জন্য যে স্কেল ব্যবহার করি তা কারেন্টে চলে যার কারণে অসুবিধা দেখা দিচ্ছে এবং দোকান অন্ধকার হয়ে থাকছে। এছাড়া বাড়তি বিল দিতে হচ্ছে।

মেহেরপুর ওজোপাডিকোলিঃ এর নির্বাহী প্রকৌশলী কাজী আব্দুল আজীজ বলেন, সকালে যে লাইন আসা-যাওয়া করছিল ওটা বৃষ্টির কারণে। নিরাপত্তার স্বার্থে এটা করা হয়েছে যাতে তার ছিঁড়ে গেলে কোনো

দুর্ঘটনা না হয় । তিনি আরও বলেন, কারেন্টের তারের ওপর নারকেল গাছের ডেগু পড়ার কারণে এ সমস্যা সৃষ্টি হয়। চুয়াডাঙ্গায় লাইনের সমস্যার কারণে একবার বিদ্যুৎ গেছিলো।

আমাদের লাইনের দৈর্ঘ্য ৩০ কিলোমিটার। তাই যেকোনো সময় এই ধরনের সমস্যা হতেই পারে। একই সঙ্গে তিনি জানান, বিদ্যুতের লাইনের তার আন্ডারগ্রাউন্ড করা হয় তাহলে এই ঝামেলায় আর কখনো পড়তে হবে না।

মেপ্র/আরপি

তারেক রহমানের ১৪তম কারাবন্দী দিবসের সভায় বিএনপি নেতা শরীফ

বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের ১৪তম কারাবন্দী দিবস উপলক্ষে টুয়াডাঙ্গায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টায় শহরের রজব আলী মার্কেটস্থ জেলা বিএনপির দলীয় কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবুর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপির মনোনীত প্রার্থী ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে বিএনপি নেতা শরীফুজ্জামান শরীফ বলেন, তারেক রহমান হচ্ছে আগামীর রাষ্ট্রনায়ক। তিনি বিএনপির একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। তাঁকে তৎকালিন তত্বাবধায়ক সরকারের আমলে মিথ্যা মামলায় গ্রেপ্তার করে নির্মমভাবে নির্যাতন করা হয়। এই অত্যাচারে তিনি অসুস্থ হলে পরে জামিনে মুক্ত হয়ে এখন লন্ডনে চিকিৎসাধীন অবস্থায় আছেন।

এছাড়াও বিএনপি চেয়ারপার্সন ও তিনবারের সফল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে বর্তমান সরকার রাজনৈতিক প্রতিহিংসা পরায়ন হয়ে

মিথ্যা মামলা দিয়ে নির্জন কারাগারে রেখেছে। তাঁকে সঠিকভাবে চিকিৎসা প্রদান করা হচ্ছে না। এই সরকার বেগম জিয়াকে তিলে তিলে মৃত্যুর দিকে ঠেলে দিচ্ছে। তিনি আরও বলেন, সরকার এখন কী করছে, তা আর ভাবার সময় নেই।

এখন একটাই চিন্তা ও ভাবনা করতে হবে বেগম খালেদা জিয়াকে কীভাবে জেল থেকে মুক্ত এবং তারুণ্যের অহংকার তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনা হবে। আর বেগম জিয়ার জেল থেকে মুক্তি, তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনতে এবং এই সরকারের পতনের জন্য কঠোর আন্দোলনের কোনো বিকল্প নেই।’

জেলা জাসাস-এর সাধারণ সম্পাদক মো. সেলিমুল হাবিব সেলিমের উপস্থাপন আলোচনা সভায় আরও বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, জেলা মৎস্যজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু, পৌর বিএনপির সাবেক সহসভাপতি খায়রুল ইসলাম, হাফিজুর রহমান মুক্ত ও পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ।

মেপ্র/আরপি

আলমডাঙ্গার ইউনাইটেড মেডিকেল সেন্টার বন্ধ করলেন সিভিল সার্জন

আলমডাঙ্গার ইউনাইটেড মেডিকেল সেন্টারে অপারেশনের পর প্রসুতি মাতার মৃত্যুর ঘটনায় শনিবার ৩ সদস্যের তদন্ত টিম গঠন করা হয়েছে। চুয়াডাঙ্গার ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা. এহসানুল হক তন্ময়ের নেতৃত্বে গঠিত তদন্ত টিম ওই ক্লিনিকের কার্যক্রম বন্ধ ঘোষনা করেছে।

জানা গেছে, গত বৃহস্পতিবার সন্ধ্যায় কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার মালিহাদ ইউনিয়নের রায়পাড়া গ্রামের রহিদুল ইসলামের স্ত্রী

ফাতেমা খাতুনের প্রসব বেদনা দেখা দিলে তাকে আলমডাঙ্গার ইউনাইটেড মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়।

ক্লিনিক মালিক নাজমুল ডাক্তারের পরামর্শে রোগীকে রাত ৮টার দিকে তুহিন অপারেশন করার পর একটি ছেলে বাচ্চার জন্ম হয়। কিন্তু প্রসূতি মাতা পেসার বেড়ে যায়। পেশার কমানোর জন্য ইনজেকশন পুশ করা হলে রোগী মারাত্মক অসুস্থ হয়ে পড়েন।

এ সময় তাকে এ্যাম্বুলেন্সে তুলে কুষ্টিয়ায় পাঠিয়ে দেয়া হয়। কুষ্টিয়াতে নিয়ে গেলে ডাক্তার রোগীকে মৃত বলে ঘোষনা করেন।

এদিকে রোগীর স্বজনদের দাবী ওই ক্লিনিকেই রোগীর মৃত্যু হয়। মরা রোগীকে তারা তড়িঘড়ি করে এ্যাম্বুলেন্সে তুলে দিয়েছে। এদিকে লাশ ফিরিয়ে এনে রাতে রোগীর স্বজনরা ক্লিনিকের সামনে জড়ো হয়ে ভুল চিকিৎসায় রোগীর মৃত্যুর জন্য ডাক্তার ও ক্লিনিক কর্তৃক্ষের বিচারের দাবী করেন।

রাতে থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি শান্ত করে। তবে ক্লিনিক কর্তৃপক্ষের দাবী কার্ডিয়াক সমস্যার কারণে তার অবস্থার অবনতি দেখা দিলে তাকে কুষ্টিয়ায় রেফার করা হয়। এদিকে এলাকাবাসী জানিয়েছে, রাতে লাশ নিয়ে রোগীর স্বজনদের বিক্ষোভের সময় তাদের সাথে ১ লাখ ৭৫ হাজার টাকা দিয়ে আপোষ করেছে।

এ ঘটনাটি বিভিন্ন পত্রিকা ও ফেসবুকে ভাইরাল হলে চুয়াডাঙ্গার সিভিল সার্জনের দৃষ্টি গোচর হয়। ঘটনাটি তদন্তের জন্য চুয়াডাঙ্গার ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা. এহসানুল হক তন্ময়কে প্রধান করে ৩ সদস্যে বিশিষ্ট একটি তদন্ত টিম গঠন করা হয়।

গতকাল শনিবার ওই তদন্ত টিম ইউনাইটেড মেডিকেল হাসপাতালে গিয়ে প্রাথমিক তদন্তে বিভিন্ন অনিয়মের কারণে সামায়ক বন্ধ ঘোষনা করেন।

মেপ্র/আরপি

গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। গত বুধবার মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ ও সাধারণ সম্পাদক কাউছার আলী এ কমিটির অনুমোদন দেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস ও গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ কে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

অপরদিকে গাংনী পৌর যুবদলের আহবায়ক করা হয়েছে পৌরসভার প্যানেল মেয়র ও ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলামকে ও ৯ নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল হককে সদস্য সচিব করে ২০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস সকলের সহযোগীতা কামনা করেন।

এদিকে সদ্য গঠিত এ কমিটিকে অভিনন্দন জানিয়েছেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল,

সাংগঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখেরুজ্জামান, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন সহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়াও মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা যুবদলেরও আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মেপ্র/আরপি

ঐতিহাসিক ৭ মার্চে কোন কর্মসূচীই ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের

ঐতিহাসিক ৭ মার্চ। দিনটি উপলক্ষে জাতীয় ভাবে কর্মসূচী থাকলেও কোন কর্মসূচীই ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের। শুধু মাইকে জাতির জনকের ভাষণ বাঁজিয়েই দিন পার করেছে উপজেলা আওয়ামী লীগ।

কোন কর্মসূচী পালন না করায় সাধারণ নেতা কর্মীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার জানান, ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে মাইকে ভাষণ প্রচার ছাড়া তেমন কোন কর্মসূচী ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের। গাংনী বাজার ও হাসপাতাল বাজারে মাইকে ভাষণ করা হয়েছে।

এ বিষয়ে কথা বলতে গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেনি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন দেশের বাইরে থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

এদিকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক বলেন, বেশ কয়েক বছর জাতীয় কোন কর্মসূচীই পালন করেনা গাংনী উপজেলা আওয়ামীলীগ। আমি বিভিন্ন সময়ে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ব্যানারে জাতীয় ও ঐতিহাসিক দিবসগুলো পালন করে থাকি।

এছাড়া দেশজুড়ে যখন জাতির জনকের ঐতিহাসিক দিনটি পালিত হচ্ছে ঠিক সে সময় গাংনী উপজেলা আওয়ামী লীগের কোন কর্মসূচী না থাকাটা দু:খ জনক।

গাংনীতে নাচ গানে রোগ নিরাময়ের চেষ্টা

ইজার উদ্দীন বয়স ৬২ পায়ে অজ্ঞাত রোগ হয়েছে তার পায়ে। বিভিন্ন ডাক্তার দেখিয়েও কোন প্রতিকার না পেয়ে অবশেষে কবিরাজের সরনাপন্ন হয়েছেন তিনি। বাজনার তালে তালে নেচে গেয়ে রোগ নিরাময়ের চেষ্টা করছেন ৭ সদস্য’র একটি কবিরাজী দল। চিকিৎসা আর নাচগান দেখতে ভিড় করছে এলাকাবাসি।

গতকাল শনিবার দিনভর মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামুন্দী কলেজ পাড়ায় এলাকা নাচ আর গানের মাধ্যমে রোগের চিকিৎসা করছেন কবিরাজ জহুরুল ইসলামের নেতৃত্বে ৭জন কবিরাজ। মা মানসার তন্ত্র মন্ত্র দিয়ে রোগ নিরাময় করছেন বলে দাবি তাদের।

নেচে গেয়ে মা মানসার সাধনা করার পর রুগীর রোগ নিরাময়ের চেষ্টা চলে দিনভর। আজব চিকিৎসা, অদ্ভুত তার রোগ নির্ণয় পদ্ধতি। তথ্যপ্রযুক্তির এই যুগেও নাচ আর গানের তালে তালে চিকিৎসা দেখতে উৎসুক জনতা ভিড় জমায়।

জহুরুল ইসলামের কবিরাজের দাবি, মা মানসার নামের তারা চিকিৎসা করে রুগীর রোগ নিরাময় করেন। কবিরাজের দাবি করেন, তার চিকিৎসায় অনেক রোগী সুস্থ হয়েছেন। বংশ পরম্পর তিনি এ পেশার সাথে জড়িত।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স্রের ভারপ্রাপ্ত আবাসিক মেডিকেল অফিসার ফেরদৌস পারভেজ জানান, এ চিকিৎসার কোনো ভিত্তি নেই।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[

গতকাল শনিবার সকালে ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে দিবসটি পালন করা হয়।

সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুক্তিযোদ্ধা মতিয়ার রহমানসহ ইউনিয়ন আওয়ামীলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেপ্র/আরপি

আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলার আমঝপিতে মানব উন্নয়ন কেন্দ্র মউক’র উদ্যোগে এএলআরডি’র সহযোগিতায় ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালন উপলক্ষে আলোচনা সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

শনিবার সকালে মউকের হল রুমে প্রতিষ্ঠঅনের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর সভাপতিত্বে প্রধান আলোচক হিসাবে বক্তব্য রাখেন সাংবাদিক রফিকুল আলম।

আলোচনা সভায় আন্তর্জাতিক নারী দিবস এর তাৎপর্য তুলে ধরে আলোচনা করা হয়। নারী বন্ধব সমাজ বিনির্মানে সকলে এক সাথে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়।

আলোচনা শেষে শতাধিক নারী পুরুষের সমন্বয়ে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ মুরাদ হোসেন।

মেপ্র/আরপি

মেহেরপুরের দরবেশপুরে গোডাউনে আগুন

মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে কুতুব মন্ডলের গোডাউনে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এতে লক্ষাধিক টাকার মালামাল পুড়ে গেছে দাবি গোডাউন মালিকের।

গতকাল শনিবার বিকাল চারটার সময় কুতুব মণ্ডলের গোডাউনে বৈদ্যুতিক লাইনে সর্টসার্কিট হবার ফলে বৈদ্যুতিক মিটারে আগুন ধরে যায়। বৈদ্যুতিক মিটার এর পাশে পাটখড়িডর গাদা ছিল।মিটারের আগুন পাটখড়ি গাদাই লেগে দ্রুত ছড়িয়ে পড়ে গোডাউনে ভিতর আগুন ভয়ঙ্কর রূপ নেয়। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করে। পরে মেহেরপুর ও চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের দুটি ইউনিট গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। প্রায় ৩০ মিনিট চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আসে।

গোডাউনের মালিক কুতুব মন্ডল জানান, আমার গোডাউনে আগুন ধরার ফলে নির্মাণাধীন ফ্ল্যাট এর স্যানেটারী মাল, পাটখড়ি, ক্যারেট সহ লক্ষাধিক টাকার মালামাল পুড়ে যায়।

চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের কর্মকর্তা (উপ-সহকারী পরিচালক) রফিকুল ইসলাম বলেন,সবাইকে সতর্ক থাকতে হবে এবং আগুন লাগলে খুব দ্রুত ফায়ার সার্ভিসে খবর দিতে হবে।

মেপ্র/ইএম